গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯।
www.ansarvdp.gov.bd

স্মারক নং ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮-৮৬১ তারিখ ঃ ২৯/০২/১৪২৩ বঙ্গাব্দ
১২/০৬/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ইন্টারনেট ভিত্তিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নীতিমালা।

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সুফল হিসেবে দেশব্যপী ইন্টারনেটের ব্যবহার ব্যপকভাবে বৃদ্ধি পেয়েছে। যোগাযোগ স্থাপনের পাশাপাশি বিবিধ বিনোদনের সুবিধা থাকার কারণে ইন্টারনেট ও ইন্টারনেট ভিত্তিক বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই দ্রুত তথ্য আদান-প্রদানের মাধ্যম হওয়ায় ইন্টারনেট ভিত্তিক বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে যাতে দেশের আইন শৃঙ্খলা ভঙ্গকারী কোন তথ্য, গুজব, এ বাহিনীর কোন স্পর্শকাতর ও গোপনীয় তথ্য অথবা সরকারের জন্য বিব্রতকর কোন তথ্য ইন্টারনেট ভিত্তিক কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে বিনা অনুমতিতে প্রকাশ করতে না পারে তার জন্য ইন্টারনেট ভিত্তিক সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহার সংক্রান্ত বিষয়ে একটি নীতিমালা থাকা অত্যাবশ্যক।

২। ইন্টারনেট ভিত্তিক যোগাযোগ মাধ্যমঃ যে সকল মাধ্যম অথবা ইলেক্ট্রনিক্স যন্ত্র ব্যবহার করে খুব সহজেই ইন্টারনেট ব্যবহার করা যায়, খুব সহজেই বিপুল সংখ্যক মানুষের কাছে তথ্য, ছবি ও ভিডিও প্রেরণ করা যায় এবং সেলফোন, ইমেইল, কম্পিউটার, আইপ্যাড, ফেসবুক, টুইটার ও ইউটিউব এর ন্যয় ভবিষ্যতে উদ্ভাবিত সকল তথ্য আদান-প্রদান/প্রকাশ মাধ্যম যা ব্যবহার করে ব্যপক সংখ্যক লোকের সাথে যোগাযোগ স্থাপন করা যাবে তা ইন্টারনেট ভিত্তিক যোগাযোগ মাধ্যম হিসেবে বিবেচিত হবে।

৩। ইন্টারনেটে তথ্য আদান-প্রদান ও বিভিন্ন সামজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ঝুঁকিসমূহঃ ইন্টারনেটে তথ্য আদান প্রদান ও ইন্টারনেট ভিত্তিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ঝুঁকিসমূহ নিম্নরূপঃ

ক। ইন্টারনেট ব্যবহার করে যে কোন গোপনীয় তথ্য ও ছবি খুব দ্রুত এবং সহজেই কারো নিকট প্রেরণ করা যায়।

খ। এ বাহিনীর কোন কোন সদস্য এবং গুরুত্বপূর্ন দয়িত্বে নিয়োজিত কোন কোন কর্মকর্তা/কর্মচারী নিজেদের পরিচয় দিয়ে বাহিনী সংশ্লিষ্ট গোপনীয় এবং স্পর্শকাতর অনেক তথ্য ইন্টারনেট ভিত্তিক বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করছেন যাহা একটি শৃঙ্খলা বাহিনীর জন্য হুমকি স্বরূপ।

গ। ইন্টারনেটে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যগন কর্তৃক প্রদানকৃত ব্যক্তিগত, পারিবারিক ও দাপ্তরিক তথ্য, ছবি ও ভিডিও বিভিন্ন ওয়েবসাইট কর্তৃক অসৎ উদ্দেশ্যে ব্যবহার এবং উক্ত তথ্যাদি ব্যবহার করে ভূয়া আইডি তৈরী ও আইন শৃঙ্খলা ভঙ্গকারী/রাষ্ট্রোদ্রহী/জঙ্গীবাদী/মৌলবাদী কোন প্রচারের কাজে ব্যবহারের ঝুঁকি রয়েছে।

ঘ। বর্তমানে ফেসবুক ও টুইটারের ন্যায় বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে অনেকের মধ্যে এক প্রকার আসক্তির সৃষ্টি হয়েছে যা প্রত্যাশিত পেশাগত মান অর্জনে বাধার সৃষ্টি করতে পারে।

ঙ। ইন্টারনেট ভিত্তিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে এ বহিনীর বিভিন্ন তথ্য, বাহিনীর ব্যবহৃত অস্ত্র ও অন্যান্য সারঞ্জামাদির ছবি ইত্যাদি কোন জঙ্গী/দুষ্কৃতিকারীর সাথে আদান-প্রদানের ফলে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর গোপনীয়তা/নিরাপত্তা বিঘ্নিত হতে পারে।

চ। অফিস সময়েও আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কতিপয় সদস্য ব্যক্তিগত প্রয়োজনে ইন্টারনেট ও ইন্টারনেট ভিত্তিক বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করেন যা সরকারী কাজে ব্যঘাত সৃষ্টি করছে।

৪। <u>ইন্টারনেটে তথ্য আদান-প্রদান ও বিভিন্ন সামজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে করণীয়।</u>

ক। বাহিনীর স্পর্শকাতর ও অতি গুরুত্বপূর্ণ স্থাপনা যেমন অস্ত্রাগার, ম্যাগজিন, অপস্রুম ইত্যাদির ছবি কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদান করা যাবে না।

খ। এ বাহিনীর কোন সদস্য কর্তৃক রাষ্ট্রীয় স্বার্থ পরিপন্থী, বিতর্কিত, উগ্রবাদী, জঙ্গী, ধর্মীয় ও রাজনৈতিক সংগঠন কর্তৃক পরিচালিত ওয়েবসাইট ও ওয়েবপেইজ এর সদস্য হওয়া যাবে না এবং এ ধরনের ওয়েবসাইট থেকে কোন তথ্য ও ভিডিও ডাউনলোড ও ইন্টারনেট ভিত্তিক কোন যোগাযোগ মাধ্যমে তা শেয়ার করা যাবে না।

গ। এ বাহিনীর কোন সদস্য কর্তৃক ইন্টারনেটে কোন গ্রুপ পেইজ/ গ্রুপ এ্যাকাউন্ট/ গ্রুপ মেইল ইত্যাদি পরিচালনার সময় শৃঙ্খলা পরিপন্থী কোন তথ্য আপলোড করা যাবে না এবং কোন ধরনের গুজব ও অপপ্রচারমূলক বক্তব্য প্রদান করা যাবে না।

ঘ। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কোন সদস্য কর্তৃক এ বাহিনী সংক্রান্ত স্পর্শকাতর ও গুরুত্বপূর্ন তথ্য এবং ছবি ইতিপূর্বে কোন ওয়েবসাইট অথবা ইন্টারনেট ভিত্তিক সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করা হয়ে থাকলে তাহা অতিসত্তোর অপসারণ করতে হবে এবং ভবিষ্যতে আনসার ও প্রতিরক্ষা বাহিনী সংক্রান্ত স্পর্শকাতর কোন তথ্য, ছবি ইত্যাদি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কোন ওয়েবসাইট অথবা ইন্টারনেট ভিত্তিক কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড/সংযোজন/প্রদান করা যাবে না।

ঙ। গাড়ী চালানোর সময় এ বাহিনীর কোন চালক কর্তৃক সেলফোনে ব্যবহার করা/কথা বলা যাবে না।

চ। এ বাহিনীর কোন সদস্য কর্তৃক অফিস চলাকালীন সময়ে জরুরী প্রয়োজন ব্যতীত ব্যক্তিগত কাজে ইন্টারনেটে তথ্য আদান-প্রদান ও বিভিন্ন সামজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করা যাবে না।

ছ। মিথ্যা পরিচয় দিয়ে ইন্টানেটের কোন ওয়েবসাইটে একাউন্ট খোলা/ব্যবহার করা যাবে না।

জ। ইন্টারনেট ও বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে যেন কোন অপরাধ সংঘটিত না হয় তা পর্যবেক্ষণ, সনাক্তকরণ ও নিয়ন্ত্রণের জন্য আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তরে অবস্থিত আইসিটি শাখা এ সংক্রান্ত দক্ষ জনবল তৈরী পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

ঝ। সর্বোপরি, যে কোন ক্ষেত্রে 'জাতীয় যোগাযোগ ও তথ্য প্রযুক্তি নীতিমালা- ২০০৯' এবং 'অফিসিয়াল সিক্রেট অ্যাক্ট-১৯২৩' অগ্রগণ্য।

৫। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কোন সদস্য কর্তৃক এ নীতিমালায় উল্লেখিত কোন করণীয় বিষয় ভঙ্গ করলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। এই নীতিমালা আগামী ১৫ জুন, ২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর বলে গন্য হবে।

মোঃ সামছুল আলম
পরিচালক (প্রশাসন)
দুরালাপনীঃ ৭২১৪৯২৫

স্মারক নং ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮-৮৫১

তারিখ ঃ ২৯/০২/১৪২৩ বঙ্গাব্দ
১২/০৬/২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি ঃ

১। মহাপরিচালক মহোদয় এর সচিবালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।

২। অতিরিক্ত মহাপরিচালক এর কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। — ”

৩। উপ-মহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

৪। উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — ”

৫। পরিচালক (সকল)...................................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
/আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — অবগতি ও কার্যক্রমের জন্য।

৬। পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল রেঞ্জ)
.......................................................................। — ”

৭। পরিচালক, ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার। — ”

৮। সভাপতি, আনসার অফিসার্স হাউজিং সোসাইটি। — ”

৯। নির্বাহী কৌশলী/আইন বিষয়ক উপদেষ্টা/উপ-পরিচালক (চিকিৎসা)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — ”

১০। উপ-পরিচালক (সকল)...............................................
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
/আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — ”

১১। জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,.........................................। — ”

১২। জোন অধিনায়ক (সকল)..................................................। — ”

১৩। ব্যাটালিয়ন অধিনায়ক (সকল), ......আনসার ব্যাটালিয়ন,.............. । — ”

[illegible]। অধিনায়ক, ভিটিসি, গাজীপুর/কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা। ”

১৫। সহকারী পরিচালক (সকল)........................................... ”
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৬। সাধারণ সম্পাদক, আনসার অফিসার্স হাউজিং সোসাইটি। ”

১৭। গণসংযোগ কর্মকর্তা/বাজেট ও হিসাব রক্ষণ কর্মকর্তা (আনসার/ভিডিপি)/ ”
সম্পাদক কাম প্রশাসন (প্রতিরোধ)/ যানবাহন কর্মকর্তা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৮। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা/আরপি অফিসার ”
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

১৯। ...............................................................(সকল) শাখা ”
...................................................................................।

২০। অফিস/মাষ্টার কপি।

পরিচালক (প্রশাসন)

D:\Raju\Digital Gazette Policy 200516.docx